## শেরে বাংলা ফজলুল হক হল

**প্রাধ্যক্ষ**
ড. মো. হাবিবুর রহমান
সহযোগী অধ্যাপক, ফোকলোর বিভাগ

**আবাসিক শিক্ষক:** ৪ জন

**শিক্ষার্থী সংখ্যা**

| | |
|---|---|
| আবাসিক | : ৩১২ জন |
| অনাবাসিক | : ৬১০ জন |

**সংক্ষিপ্ত প্রতিবেদন**
এই হল বিভিন্ন ক্রীড়া ও সাহিত্য-সাংস্কৃতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করে থাকে। হলের মেধাবী ও অস্বচ্ছল শিক্ষার্থীদের আর্থিক সহায়তাসহ অসুস্থ শিক্ষার্থীদের তাৎক্ষণিক চিকিৎসায় সহায়তা করা হয়ে থাকে। হল পাঠাগারে পত্র-পত্রিকাসহ বিভিন্ন ধরনের বইপত্র পড়ার ব্যবস্থা আছে।

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে এই হলে বিভিন্ন জাতীয় গুরুত্বপূর্ণ দিবস যেমন, শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, স্বাধীনতা ও জাতীয় দিবস, জাতির পিতার জন্মদিবস ও জাতীয় শোক দিবস, বিজয় দিবস, শেরে বাংলা এ.কে ফজলুল হকের জন্ম ও মৃত্যুবার্ষিকী ইত্যাদি পালন করা হয়। এছাড়াও পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবীসহ অন্যান্য ধর্মীয় দিবস যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়।

হলের সাধারণ কক্ষে ক্যারম, দাবা, টেবিল টেনিস, তাস ইত্যাদি খেলার ব্যবস্থা আছে। এখানে বিনোদনের জন্য ২টি রঙিন টেলিভিশন আছে। হল ডাইনিং বর্তমানে চুক্তিভিত্তিতে পরিচালিত হচ্ছে। এখানে দুপুরের ও রাতের খাবার পরিবেশন করা হয়। ক্যান্টিনও যথারীতি চালু রয়েছে।

২০২২-২০২৩ অর্থবছরে হলের দক্ষিণ পাশে ড্রেন মেরামত কাজ, নলকূপ স্থাপন, পূর্ব ও পশ্চিম ব্লকের তৃতীয় তলার কক্ষসমূহ মেরামত ও সংস্কার কাজ, হলের মসজিদের সিলিং ফ্যান স্থাপনসহ আনুষঙ্গিক কাজ করা হয়।

**কর্মরত জনবল**

| | |
|---|---|
| অফিসার | : ২ জন |
| সহায়ক কর্মচারী | : ৩ জন (২ জন দৈনিক মজুরিভিত্তিক) |
| সাধারণ কর্মচারী | : ১৫ জন |

## শাহ্ মখ্দুম হল

**প্রাধ্যক্ষ**

ড. মো. রুহুল আমিন
প্রফেসর, এগ্রোনমী এন্ড এগ্রিকালচারাল এক্সটেনশন বিভাগ

**আবাসিক শিক্ষক:** ২ জন

**শিক্ষার্থী সংখ্যা**

| | |
|---|---|
| আবাসিক | : ৪৬৫ জন |
| অনাবাসিক | : ১১৫০ জন |

**সংক্ষিপ্ত প্রতিবেদন**

**খেলাধুলা**

হলের শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয় আয়োজিত আন্তঃকলেজ ক্রীড়া এবং আন্তঃবিশ্ববিদ্যালয় প্রতিযোগিতার বিভিন্ন ইভেন্টে অংশগ্রহণ করে এবং পদক তালিকায় সবসময়ই স্থান লাভ করে।

**সাহিত্য-সাংস্কৃতিক কার্যক্রম**

হলের শিক্ষার্থীরা বিতর্ক ও অন্যান্য সাহিত্য-সাংস্কৃতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করে থাকে।

**ছাত্রকল্যাণ ও সামাজিক কার্যক্রম**

হলের অসচ্ছল, মেধাবী ও অসুস্থ শিক্ষার্থীদের কল্যাণে আবাসিকতা প্রদান ও চিকিৎসায় সহায়তা প্রদান করা হয়। আলোচ্য শিক্ষাবছরে এই হলে বিভিন্ন গুরুত্বপূর্ণ দিবস যথাযোগ্য মর্যাদায় যথারীতি পালন করা হয়েছে। এছাড়া পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী, ইফতার মাহফিল ও ফারুক হত্যা দিবস পালিত হয়েছে।

**পাঠাগার ও সাধারণ কক্ষ**

২০২২-২০২৩ শিক্ষাবছরে হল পাঠাগারের জন্য বিভিন্ন ধরনের বই ক্রয় করা হয়েছে। প্রতিদিন সকাল ৯টা থেকে বিকাল ৪টা পর্যন্ত পাঠাগার ব্যবহার করা যায়। পাঠাগারে ১০টি দৈনিক পত্রিকা ছাড়াও সাপ্তাহিক ও মাসিক পত্রিকা রাখা হয়। সাধারণ কক্ষে ক্যারম, দাবা, টেনিস, তাস ইত্যাদি খেলা অনুশীলন করে থাকে। হল মিলনায়তনে ১টি রঙিন টেলিভিশন আছে।

**হল ডাইনিং ও ক্যান্টিন**

আবাসিক শিক্ষকদের তত্ত্বাবধানে ক্যান্টিনে নাস্তা এবং ডাইনিং হলে প্রতিদিন দুপুর ও রাতে খাবার ব্যবস্থা রয়েছে।

**কর্মরত জনবল**

| | |
|---|---|
| অফিসার | : ৬ জন |
| সহায়ক কর্মচারী | : ১ জন (দৈনিক মজুরিভিত্তিক) |
| সাধারণ কর্মচারী | : ১৫ জন (২ জন অ্যাডহক) |

## নবাব আব্দুল লতিফ হল

**প্রাধ্যক্ষ**
ড. এ এইচ এম মাহবুবুর রহমান
প্রফেসর, উদ্ভিদবিজ্ঞান বিভাগ

**আবাসিক শিক্ষক:** ৪ জন

**শিক্ষার্থী সংখ্যা**

| | |
|---|---|
| আবাসিক | : ৩১৯ জন |
| অনাবাসিক | : ৯১৭ জন |

**সংক্ষিপ্ত প্রতিবেদন**

**ছাত্রকল্যাণ:** মেধাবী ও অসচ্ছল ছাত্রদের লেখাপড়ার সুবিধার্থে এবং অসুস্থ ছাত্রদের চিকিৎসায় আর্থিক সহায়তাসহ অন্যান্য সহযোগিতা প্রদান করা হয়েছে।

**পাঠাগার ও লাইব্রেরি:** হলে ১টি পাঠাগার ও ১টি মিনি লাইব্রেরি আছে। এই বছরে লাইব্রেরিতে বিভিন্ন ধরনের বই সংগ্রহ করা হয়েছে। পাঠাগারে দৈনিক, সাপ্তাহিক, পাক্ষিক ও মাসিক পত্রিকা নিয়মিতভাবে রাখা হয় ও ছাত্রদের পড়ার ব্যবস্থা রয়েছে।

**ইন্টারনেট:** হলে আরো উন্নত ইন্টারনেট সেবা দেওয়ার জন্য ব্রডব্যান্ড লাইনের মাধ্যমে প্রতিটি কক্ষে ইন্টারনেট সংযোগ দেয়া হয়েছে।

**সামাজিক কার্যক্রম:** ব্লাড গ্রুপিং, ডেঙ্গু প্রতিরোধে সচেতনতা বৃদ্ধি, বৃক্ষরোপনসহ নানাবিধ সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

**জাতীয় দিবস ও ধর্মীয় অনুষ্ঠানসমূহ:** হলে বিভিন্ন জাতীয় দিবসসহ বিশ্ববিদ্যালয় আয়োজিত অন্যান্য দিবসসমূহ পালন করা হয়েছে। পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী উপলক্ষ্যে আলোচনা ও মিলাদ মাহফিল এবং ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়। এছাড়া জন্মাষ্টমী এবং শ্রীপঞ্চমী তিথি উপলক্ষ্যে অনুদান দেওয়া হয়।

**সাধারণ কক্ষ:** হলের সাধারণ কক্ষে শিক্ষার্থীরা টেবিল টেনিস, ক্যারম, দাবা, কার্ড ইত্যাদি খেলে থাকে। সাধারণ কক্ষে ১টি এবং অডিটোরিয়ামে ১টি মোট ২টি রঙ্গিন টেলিভিশন চালু আছে।

**হল ডাইনিং ও ক্যান্টিন:** হল ডাইনিংয়ে দুপুর ও রাতের খাবার পরিবেশন করা হয়। হলের ক্যান্টিনে নাস্তার ব্যবস্থা আছে।

**হল উন্নয়ন:** উক্ত বছরে হলের প্রাধ্যক্ষ কক্ষে এ.সি লাগানো হয়েছে। হলের উত্তর ব্লকে নতুন করে ছাদ দেওয়ার কাজ শেষ হওয়ার পর রুমগুলোর মেরামত কাজ চলমান রয়েছে। হলের অভ্যর্থনার স্থান আধুনিকায়ণ, অফিস রুমসহ ছাত্রদের বাথরুম আধুনিকীকরণ (টাইলসকরণ) কাজ শেষ হয়েছে।

**কর্মরত জনবল**

| | |
|---|---|
| অফিসার | : ৪ জন |
| সহায়ক কর্মচারী | : ২ জন |

সাধারণ কর্মচারী : ১৫ জন (১ জন অ্যাডহক ও ১ জন দৈনিক মজুরিভিত্তিক)

## সৈয়দ আমীর আলী হল

**প্রাধ্যক্ষ**
ড. মোহাম্মদ আব্দুল্লাহ আল মামুন
সহযোগী অধ্যাপক, ম্যাটেরিয়ালস সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ

**আবাসিক শিক্ষক:** ৫ জন

**শিক্ষার্থী সংখ্যা:**

| | |
|---|---|
| আবাসিক | : ৪১০ জন |
| অনাবাসিক | : ৮০৫ জন |

**সংক্ষিপ্ত প্রতিবেদন**
**ছাত্র কল্যাণ:** হলের অস্বচ্ছল, মেধাবী ও অসুস্থ ছাত্রদের প্রয়োজনে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।

**পাঠাগার:** হলের পাঠাগার সকাল ৯টা থেকে রাত্র ১২টা পর্যন্ত চালু থাকে ও পাঠাগার থেকে শিক্ষার্থীদের মধ্যে বই ইস্যু করা হয়। পাঠাগারে পড়ারও ব্যবস্থা আছে। এই পাঠকক্ষ ২৪ ঘন্টা চালু থাকে।

**জাতীয় ও ধর্মীয় দিবসসমূহ:** প্রশাসনের উদ্যোগে বিভিন্ন জাতীয় দিবস ও ধর্মীয় অনুষ্ঠানাদি যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়।

**সাধারণ কক্ষ:** এখানে প্রতিদিন বিকেল ৩টা থেকে রাত ১০টা পর্যন্ত ক্যারম, দাবা, তাস, টেবিল টেনিস ইত্যাদি খেলা ও টেলিভিশন দেখার ব্যবস্থা আছে।

**হল ডাইনিং:** আবাসিক শিক্ষকের তত্ত্বাবধানে হল ডাইনিং চালু আছে ।

**ইন্টারনেট সুবিধা:** হলে রেডিও ডিভাইসযুক্ত ওয়াইফাইয়ের ব্যবস্থা আছে।

**কর্মরত জনবল**

| | |
|---|---|
| অফিসার | : ৪ জন |
| সহায়ক কর্মচারী | : ৩ জন (১ জন অ্যাডহক ও ১ জন দৈনিক মজুরিভিত্তিক) |
| সাধারণ কর্মচারী | : ১৯ জন (২ জন দৈনিক মজুরিভিত্তিক) |

## শহীদ শামসুজ্জোহা হল

**প্রাধ্যক্ষ**
ড. মো. একরামুল ইসলাম
প্রফেসর, ফার্মেসী বিভাগ

**আবাসিক শিক্ষক:** ৫ জন

**শিক্ষার্থী সংখ্যা**

| | |
|---|---|
| আবাসিক | : ৩৭৬ জন |
| অনাবাসিক | : ৭৬৯ জন |

**সংক্ষিপ্ত প্রতিবেদন**
**দিবস উদ্‌যাপন ও ধর্মীয় অনুষ্ঠান:** অন্যান্য বছরের মত এই বছরও শহীদ ড. শামসুজ্জোহার মৃত্যুবার্ষিকীতে ১৮ ফেব্রুয়ারি হলে দোয়া মাহফিল ও স্মারক ভাস্কর্যে প্রদীপ প্রজ্জ্বালন করা হয়। এছাড়া বিভিন্ন জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়। ধর্মীয় দিবসসমূহ যথাযথ ভাবগাম্ভীর্যের সাথে পালন করা হয়। হল মিলনায়তনে বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়ে থাকে।

**ছাত্র কল্যাণ:** হলের অস্বচ্ছল ও মেধাবী শিক্ষার্থীদের আর্থিক সহায়তা প্রদান করা হয়।

**পাঠাগার ও সাধারণ কক্ষ:** হলের শহীদ শামসুজ্জোহা স্মৃতি পাঠাগারে লেখাপড়ার ব্যবস্থা আছে। পত্রিকা কক্ষে প্রায় সকল জাতীয় দৈনিক ও সাপ্তাহিক পত্রিকাসমূহ রাখা হয়। হলের পাঠকক্ষে একসাথে ৬০ জন পড়াশুনা করতে পারে। সাধারণ কক্ষে শিক্ষার্থীরা অন্তঃকক্ষ ক্রীড়া ও সাংস্কৃতিক চর্চা করে থাকে। হলে শিক্ষার্থীদের জন্য দুটি টেলিভিশন ও বড় পর্দায় দেখার জন্য প্রজেক্টর মেশিনের ব্যবস্থা আছে।

**খেলাধুলা:** আন্তঃকলেজ ক্রীড়া এবং অন্যান্য খেলাধুলায় হলের খেলোয়াড়রা অংশগ্রহণ করে পুরস্কার অর্জন করে থাকে। হলে মিনি ক্রিকেট টুর্নামেন্টের আয়োজন করা হয়।

**মসজিদ:** হলের মসজিদে পাঁচ ওয়াক্ত ও জুমআর নামাজ এবং ধর্মীয় অনুষ্ঠান হয়ে থাকে।

**ওয়াইফাই স্থাপন:** হলে ইন্টারনেট সুবিধার জন্য ওয়াইফাই স্থাপন করা হয়েছে।

**উন্নয়নমূলক কর্মকাণ্ড:** ২০২২-২৩ অর্থবছরে বিশ্ববিদ্যালয় প্রশাসনের অর্থায়নে (ক) পদ্মা (১ম) ব্লকের ৩য় তলার ১৫ টা রুমের ছাদ মেরামত করা হয়েছে। (খ) রিডিং রুম বর্ধিত করে ইন্টারনেট কক্ষ সংস্কার করা হয়েছে। (গ) মসজিদের মেঝেতে টাইলস্ লাগানো হয়েছে। (ঘ) সুপেয় খাবার পানির জন্য সাবমার্সিবল পাম্প বসানো হয়েছে। (ঙ) হলের বাগানে গার্ডেন লাইট পরিবর্তন ও লাইন মেরামত করা হয়েছে। (চ) মসজিদের ফ্যানগুলো রং করা, মেরামত ও নীচু করে লাগানো হয়েছে।

**কর্মরত জনবল**

| | |
|---|---|
| অফিসার | : ৭ জন |
| সহায়ক কর্মচারী | : ৪ (১ জন দৈনিক মজুরিভিত্তিক) |
| সাধারণ কর্মচারী | : ১৭ জন (১ জন দৈনিক মজুরিভিত্তিক) |

# শহীদ হবিবুর রহমান হল

**প্রাধ্যক্ষ**

ড. মো. জাহিদুল ইসলাম (০২.০৮.২০২২ পর্যন্ত)
সহযোগী অধ্যাপক, দর্শন বিভাগ

মো. শরিফুল ইসলাম (০৩.০৮.২০২২ থেকে)
প্রফেসর, ইনফরমেশন সায়েন্স এন্ড লাইব্রেরী ম্যানেজমেন্ট বিভাগ

**আবাসিক শিক্ষক:** ৫ জন

**শিক্ষার্থী সংখ্যা**

| | |
|---|---|
| আবাসিক | : ৭২৮ জন |
| অনাবাসিক | : ১,২৭২ জন |

**সংক্ষিপ্ত প্রতিবেদন**

**খেলাধুলা:** হলের কমনরুমে অন্তঃকক্ষে টেবিল টেনিস, ক্যারাম, দাবা ও তাস খেলার ব্যবস্থা রয়েছে এবং ব্যাডমিন্টন, ভলিবল ও ফুটবল খেলার ব্যবস্থা করা হয়। এই হলের অ্যাথলেটগণ ২০২২-২০২৩ সালে আন্তঃকলেজ এ্যাথলেটিকস্ ও সাঁতার প্রতিযোগিতায় অংশগ্রহণ করে।

**রিডিং রুম ও লাইব্রেরি:** হলের রিডিং রুম ও পাঠাগারে বর্তমানে ২,৭৫০টি পাঠ্যপুস্তক আছে। আলোচ্য বছরে হল তহবিল থেকে ৬টি ওয়াল ক্যাবিনেট সংগ্রহ করা হয়।

**সামাজিক ও রাষ্ট্রীয় কার্যক্রম:** হলের উদ্যোগে সরকার ও বিশ্ববিদ্যালয় ঘোষিত গুরুত্বপূর্ণ দিবসসমূহ ও ধর্মীয় দিবসসমূহ যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়। এই হল প্রাধ্যক্ষ পরিষদ আয়োজিত ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের ভর্তিকৃত শিক্ষার্থীদের সম্মিলিত হল সমাপনীতে অংশগ্রহণ করে ও বিদায়ি ছাত্রদের স্মারক ক্রেস্ট প্রদান ও উন্নতমানের খাবার পরিবেশন করা হয়।

**বঙ্গবন্ধু কর্নার:** এই কর্নারে বঙ্গবন্ধুর রাজনৈতিক জীবনের দুর্লভ ছবি ক্রয় ও বাঁধাই করে সংরক্ষণের ব্যবস্থা এবং বঙ্গবন্ধুর জীবনী ও মুক্তিযুদ্ধভিত্তিক বই সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে।

**সাধারণ কক্ষ:** হল কমনরুমে নিয়মিতভাবে শিক্ষার্থীদের অন্তঃকক্ষ খেলাধুলার ব্যবস্থা ও শরীরচর্চার জন্য একটি ব্যায়ামাগার রয়েছে।

**হল ডাইনিং ও ক্যান্টিন:** হলের ডাইনিং ও ক্যান্টিন খাবার ও নাস্তার ব্যবস্থা আছে।

**হল উন্নয়ন:** ২০২২-২০২৩ অর্থ বছরে বিশ্ববিদ্যালয়ের অর্থে মনোহারী দ্রব্যাদি ও তৈজসপত্র ক্রয়, হলের শেষ ব্লকের পেছনের জানালার প্রটেকশন গ্রিল লাগানো, অফিসসহ বিভিন্ন কক্ষে টাইলস লাগানো ও মোজাইকের কাজ করা হয়েছে। হলের অর্থায়নে একটি সাবমার্সিবল পাম্প বসানো হয়েছে।

**কর্মরত জনবল**

| | |
|---|---|
| অফিসার | : ৮ জন |
| সহায়ক কর্মচারী | : ৪ জন (১ জন দৈনিক মজুরিভিত্তিক) |
| সাধারণ কর্মচারী | : ১৪ জন (১ জন দৈনিক মজুরিভিত্তিক) |

## মতিহার হল

**প্রাধ্যক্ষ**
ড. মো. নজরুল ইসলাম
প্রফেসর, রসায়ন বিভাগ

**আবাসিক শিক্ষক:** ৪ জন

**শিক্ষার্থী সংখ্যা**

| | |
|---|---|
| আবাসিক | : ৫৯২ জন |
| অনাবাসিক | : ৮৫০ জন |

**সংক্ষিপ্ত প্রতিবেদন**
মতিহার হলের ১ম, ২য় ও ৩য় ব্লকে মোট ৫৯২ জন ছাত্র বর্তমানে বসবাস করছে। নতুন ভবনে ১টি ডাইনিং চালু আছে এবং বিল্ডিং এর মসজিদ, পেপার রুম, রিডিং রুম, টিভি রুম, কমনরুম রুম, ক্যান্টিন রুম, পাঠাগার, পূঁজা ঘর, ইন্টারনেট রুম চালু রয়েছে। হলের সৌন্দর্য বৃদ্ধিকল্পে বাগান সংস্কার ও ফুল-ফলের বৃক্ষরোপণ করা হয়েছে।

**কর্মরত জনবল**

| | |
|---|---|
| অফিসার | : ১ জন |
| সহায়ক কর্মচারী | : ৪ জন (১ জন অ্যাডহক) |
| সাধারণ কর্মচারী | : ১১ জন (১ জন দৈনিক মজুরিভিত্তিক) |

## মাদার বখ্শ হল

**প্রাধ্যক্ষ**
ড. মো. শামীম হোসেন
সহযোগী অধ্যাপক, ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ

**আবাসিক শিক্ষক:** ৩ জন

**শিক্ষার্থী সংখ্যা**

| | |
|---|---|
| আবাসিক | : ৫৮৪ জন |
| অনাবাসিক | : ৮৬৬ জন |

**সংক্ষিপ্ত প্রতিবেদন**

**খেলাধুলা:** ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে আন্তঃকলেজ ওয়াটার পোলোতে মাদার বখ্শ হল চ্যাম্পিয়ান হয়। চ্যাম্পিয়ন দলের খেলোয়াড়দের হলের পক্ষ থেকে ব্লেজার প্রদান করা হয়।

**ছাত্র কল্যাণ:** হলের অস্বচ্ছল ও মেধাবী এবং অসুস্থ ছাত্রদের কল্যাণে হল থেকে আর্থিক সহায়তা প্রদান করা হয়ে থাকে।

**গ্রন্থাগার ও পাঠাগার:** হলের পাঠাগার ও পত্রিকা কক্ষ ছুটির দিন ছাড়া বিকেল ৪টা থেকে রাত ১০টা পর্যন্ত খোলা থাকে। পত্রিকা কক্ষে প্রায় সকল স্থানীয় ও জাতীয় পত্রিকা নিয়মিত রাখা হয়।

**সামাজিক ও রাষ্ট্রীয় কার্যক্রম:** হলের পক্ষ থেকে সকল জাতীয় গুরুত্বপূর্ণ ও বিশ্ববিদ্যালয় ঘোষিত দিবস পালন করা হয়। এছাড়া ধর্মীয় গুরুত্বপূর্ণ দিবসসহ মরহুম মাদার বখ্শ-এর মৃত্যুবার্ষিকীও যথারীতি পালন করা হয়।

**সাধারণ কক্ষ ও ব্যায়ামাগার:** এখানে ক্যারম, তাস, টেবিল টেনিস, দাবা খেলার ব্যবস্থাসহ টেলিভিশন দেখার ব্যবস্থা আছে। হলের পশ্চিম ব্লকে অবস্থিত ব্যায়ামাগারটি বিকাল ৪টা থেকে রাত ৮টা পর্যন্ত খোলা থাকে। টেলিভিশন কক্ষে একটি ৪০" এলইডি টেলিভিশন রয়েছে। সেখানে একসাথে ৪০০ জন বসতে পারে।

**ইন্টারনেট সংযোগ:** হলের ইন্টারনেট কক্ষে একসাথে ১৫ জন ব্রডব্যান্ড ইন্টারনেট ব্যবহার করতে পারে। হলের তিনটি ব্লকে ওয়াই-ফাই সংযোগও দেওয়া হয়েছে।

**ডাইনিং ও ক্যান্টিন:** ডাইনিংয়ে নির্ধারিত মূল্যে দুপুর ও রাতে খাবারের ব্যবস্থা রয়েছে। ক্যান্টিনে সকাল-বিকালে নাস্তার ব্যবস্থা রয়েছে। ডাইনিং ও ক্যান্টিনের খাবারের মান ও পরিস্কার-পরিচ্ছন্নতা ২ জন আবাসিক শিক্ষক, হল সুপারভাইজার ও ১ জন অফিসার নিয়মিত পর্যবেক্ষণ করে থাকেন।

**কর্মরত জনবল**

| | |
|---|---|
| অফিসার | : ২ জন |
| সহায়ক কর্মচারী | : ৪ জন |
| সাধারণ কর্মচারী | : ১০ জন (২ জন অ্যাডহক) |

## হোসেন শহীদ সোহ্‌রাওয়ার্দী হল

**প্রাধ্যক্ষ**
ড. মো. জাহাঙ্গীর হোসেন
প্রফেসর, ফোকলোর বিভাগ

**আবাসিক শিক্ষক:** ৫ জন

**শিক্ষার্থী সংখ্যা**

| | |
|---|---|
| আবাসিক | : ৫৯২ জন |
| অনাবাসিক | : ৯১৪ জন |

**সংক্ষিপ্ত প্রতিবেদন**
আলোচ্য বছরে হলের ইন্টারনেট ব্যবস্থা আধুনিকীকরণ করা হয়েছে। এই হল বিভিন্ন ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করে বিজয়ী হয়ে আসছে। বিভিন্ন জাতীয় ও ধর্মীয় গুরুত্বপূর্ণ দিবসসমূহ প্রশাসনের পক্ষ থেকে যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়েছে। জাতীয় দিবসসমূহে হল ডাইনিংয়ে উন্নতমানের খাবার পরিবেশন করা হয়।

এই শিক্ষাবর্ষে পাঠাগারের জন্য প্রয়োজনীয় সংখ্যক বই কেনা হয়েছে এবং গুরুত্বপূর্ণ দৈনিক, সাপ্তাহিক ও সাময়িকী রাখা হয়। ছাত্রদের চিত্তবিনোদনের জন্য পৃথক ১টি টিভি রুম এবং কমনরুমে খেলাধূলার ব্যবস্থা আছে। সুপেয় পানির জন্য হলে একটি সাবমার্সিবল পাম্প বসানো ও হল চত্বরে বৃক্ষরোপণ করা হয়েছে।

ছাত্রদের সুবিধার্থে জন্য ৩য় ব্লকের নিকট একটি টিউবওয়েল স্থাপন করা হয়েছে। হলের তিনটি ব্লকের ছাত্রদের ব্যবহারের জন্য টয়লেট ও বাথরুমে টাইল্‌স বসানোর কাজ শেষ হয়েছে। একটি নতুন রিডিং রুমের কাজ চলমান রয়েছে।

**কর্মরত জনবল**

| | |
|---|---|
| অফিসার | : ১ জন |
| সহায়ক কর্মচারী | : ৬ জন (১ জন দৈনিক মজুরিভিত্তিক) |
| সাধারণ কর্মচারী | : ১৪ জন (১ জন অ্যাডহক ও ১ জন দৈনিক মজুরিভিত্তিক) |

## শহীদ জিয়াউর রহমান হল

**প্রাধ্যক্ষ**
ড. সুজন সেন
সহযোগী অধ্যাপক, চিত্রকলা, প্রাচ্যকলা ও ছাপচিত্র বিভাগ

**আবাসিক শিক্ষক:** ২ জন

**শিক্ষার্থী সংখ্যা**
আবাসিক : ৫৯৮ জন
অনাবাসিক : ১,৪৯০ জন

**সংক্ষিপ্ত প্রতিবেদন**

**ছাত্র কল্যাণ:** হলের কল্যাণ তহবিল থেকে মেধাবী ও অস্বচ্ছল শিক্ষার্থীদের আর্থিক সহায়তা প্রদান করা হয়।

**হল পাঠাগার ও পাঠকক্ষ:** এই বছরে হল পাঠাগারের জন্য নতুন কিছু বই কেনা হয়েছে। পাঠাগারটিকে উন্নত করার প্রক্রিয়াও চলমান আছে। পাঠকক্ষে প্রায় প্রতিটি স্থানীয় ও জাতীয় পত্রিকা রাখা হয়।

**সাংস্কৃতিক চর্চা:** হলের শিক্ষার্থীরা রাজশাহী বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন সংস্থাসমূহে বিতর্ক ও অন্যান্য সাংস্কৃতিক প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হবার কৃতিত্বের স্বাক্ষর রেখেছে। হলে 'জিয়া হল ডিবের্টস্ ফোরাম' নামে একটি বিতর্ক সংগঠন রয়েছে। এই বছরে হলে সাংস্কৃতিক চর্চা কক্ষ স্থাপন করা হয়েছে।

**খেলাধুলা:** ৩৪তম আন্তঃকলেজ ওয়াটারপোলো প্রতিয়োগিতা-২০২২, ৩৫তম আন্তঃকলেজ ওয়াটারপোলো প্রতিযোগিতা-২০২৩ এবং ৪৩তম আন্তঃকলেজ এ্যাথলেটিকস্ প্রতিযোগিতায়-২০২৩ এ চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

**সামাজিক ও রাষ্ট্রীয় কার্যক্রম:** হল কর্তৃপক্ষ বিভিন্ন সামাজিক ও জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্যদিয়ে পালন করেছে। এই বছরে হল প্রশাসনের আয়োজনে এবং 'বাঁধন' হল ইউনিটের সহযোগিতায় ১৫ আগস্ট উপলক্ষে 'শোকাবহ আগস্ট' শিরোনামে বিনামূল্যে ব্লাড গ্রুপ নির্ণয় কর্মসূচি-২০২২ অনুষ্ঠিত হয়।

আলোচ্য শিক্ষাবর্ষে হলের রিডিং রুম, ক্যান্টিন, পাঠকক্ষ রং করা হয়েছে। হল প্রশাসনের উদ্যোগে অফিস ব্লকের দোতলায় বঙ্গবন্ধু কর্নার, প্রাক্তন ছাত্রদের জন্য অতিথি কক্ষ, আবাসিক শিক্ষক কক্ষ স্থাপন করা হয়েছে। হলের সার্বিক উন্নয়নের জন্য সংস্কার ও মেরামত কাজসহ অফিস ব্লক ও প্রধান ফটকে আইপিএস লাগানোর কাজও চলছে।

**কর্মরত জনবল**

| | |
|---|---|
| অফিসার | : ৫ জন |
| সহায়ক কর্মচারী | : ৪ জন (১ জন দৈনিক মজুরিভিত্তিক) |
| সাধারণ কর্মচারী | : ১১ জন |

## বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল

**প্রাধ্যক্ষ**
শায়খুল ইসলাম মামুন জিয়াদ
প্রফেসর, ইতিহাস বিভাগ

**আবাসিক শিক্ষক:** ৪ জন

**শিক্ষার্থী সংখ্যা**

| | |
|---|---|
| আবাসিক | : ৪৯৬ জন |
| অনাবাসিক | : ১,৭৫০ জন |

**সংক্ষিপ্ত প্রতিবেদন**
এই হল প্রশাসনের উদ্যোগে বিভিন্ন জাতীয় দিবস যেমন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস, শিক্ষক দিবস (জোহা দিবস), শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, ঐতিহাসিক ৭ মার্চ, জাতির পিতার জন্মদিবস, স্বাধীনতা ও জাতীয় দিবস, বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা দিবস, জাতীয় শোক দিবস, শহীদ বুদ্ধিজীবী দিবস, বিজয় দিবস ইত্যাদি পালন করা হয়েছে।

এ বছর ৭ জন ছাত্রকে হলের কল্যাণ তহবিল থেকে আর্থিক সহযোগিতা প্রদান করা হয়।

**কর্মরত জনবল**

| | |
|---|---|
| অফিসার | : ৬ জন |
| সহায়ক কর্মচারী | : ৪ জন |
| সাধারণ কর্মচারী | : ১৫ জন (২ জন দৈনিক মজুরিভিত্তিক ৩ জন বহিরাগত) |

## মন্নুজান হল

**প্রাধ্যক্ষ**
ড. মোসা. সাবিনা ইয়াছমিন (০২.০৯.২০২২ পর্যন্ত)
সহযোগী অধ্যাপক, রসায়ন বিভাগ
ড. রাশিদা খাতুন (০৩.০৯.২০২২ হতে)
প্রফেসর, ভেটেরিনারি এন্ড এনিমেল সায়েন্সেস বিভাগ

**আবাসিক শিক্ষক:** ৫ জন

**শিক্ষার্থী সংখ্যা**

| | |
|---|---|
| আবাসিক | : ৮৬০ জন |
| অনাবাসিক | : ১,২২৫ জন (রেজিস্টার্ড অতিথি ১৫০ জন) |

**সংক্ষিপ্ত প্রতিবেদন**
**খেলাধুলা:** ২০২২-২৩ শিক্ষাবর্ষে হল অন্তঃকক্ষ ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

**সামাজিক কার্যক্রম:** এই বছরেও হল প্রশাসনের উদ্যোগে বিভিন্ন জাতীয় দিবস পালন করা হয়। এছাড়া বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠাদিবসসহ অন্যান্য কর্মসূচিতেও এই হল অংশগ্রহণ করে।

**ধর্মীয় কার্যক্রম:** ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে হল ভাতায় নিয়োজিত ৬ জন মুসলমান ও দুর্গাপূজা উপলক্ষ্যে ৫ জন হিন্দু কর্মচারীকে উৎসব ভাতা প্রদান করা হয়েছে। এই শিক্ষাবর্ষেও হলের ছাত্রীদের নামাজ ও পবিত্র কোরআন মজিদ শিক্ষা দেওয়ার জন্য একজন মোয়াল্লিমাকে নিযুক্ত রাখা হয়।

**হল ডাইনিং:** আলোচ্য শিক্ষাবর্ষে বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ভাতায় হল ডাইনিংয়ে ২ জন সহকারী বাবুর্চী, ১ জন কার্ড মাস্টার, ৮ জন আয়া ও ১ জন টেবিল বয় কর্মরত ছিল।

**হল উন্নয়ন:** প্রকৌশল দপ্তরের তত্ত্বাবধানে টয়লেটগুলিতে টাইলস ও নতুন প্যান স্থাপনসহ সীমানা প্রাচীরের মেরামত এবং হলের বাহিরের এবং ভিতরের অংশে রং করা হয়েছে।

**কর্মরত জনবল**

| | |
|---|---|
| অফিসার | : ৮ জন |
| সহায়ক কর্মচারী | : ৭ জন (১ জন অ্যাডহক) |
| সাধারণ কর্মচারী | : ১৬ জন (১ জন অ্যাডহক, ৩ জন দৈনিক মজুরিভিত্তিক) |

## রোকেয়া হল

**প্রাধ্যক্ষ**
ড. জয়ন্তী রানী বসাক
প্রফেসর, ইনফরমেশন সায়েন্স এন্ড লাইব্রেরি ম্যানেজমেন্ট বিভাগ

**সিনিয়র আবাসিক শিক্ষক: ১ জন**
**আবাসিক শিক্ষক:** ৫ জন
সহকারী আবাসিক শিক্ষক: ১ জন এড্হক

**শিক্ষার্থী সংখ্যা**

| | |
|---|---|
| আবাসিক | : ৭২০ জন |
| অনাবাসিক | : ১,২৮০ জন |

অনাবাসিক ১,২৮০ জনের মধ্যে কার্ডধারী অতিথি হিসাবে হলে (গণরুম) অবস্থানরত ৩৭২ জন ।

**সংক্ষিপ্ত প্রতিবেদন**

**পাঠাগার:** প্রতি বছরের মত এবারও পাঠাগারের জন্য কিছু নতুন বই কেনা হয়েছে। বঙ্গবন্ধু কর্নার তৈরি, বই ক্রয় ও বই রাখার জন্য র‍্যাক তৈরি, কম্পিউটারের জন্য ২টি মনিটর ক্রয়, ছাত্রীদের পড়াশুনার সুবিধার্থে ২টা এসি লাগানো হয়েছে।

**ধর্মীয় অনুষ্ঠান:** ঈদে মিলাদুন্নবী উপলক্ষ্যে হলে মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়। পূজা উপলক্ষ্যে কেন্দ্রীয় মন্দিরে আর্থিক অনুদান প্রদান করা হয়েছে।

**হল ডাইনিং ও ক্যান্টিন:** সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ডাইনিং ও ক্যান্টিনে সিসি ক্যামেরা লাগানো হয়েছে।

**দিবস পালন:** যথাযথ আনুষ্ঠানিকতার মাধ্যমে বিভিন্ন জাতীয় দিবস, বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা দিবস, রোকেয়া দিবস ইত্যাদি পালন করা হয়।

**খেলাধুলা:** ৪৩তম আন্তঃহল এ্যাথেলেটিকস প্রতিযোগিতা-২০২৩ এ রোকেয়া হল চ্যাম্পিয়ন হয়েছে। এ উপলক্ষ্যে ডিনার, ট্র্যাকসুট ও ব্লেজার প্রদান করা হয়েছে।

**হল উন্নয়ন:** রোকেয়া হলের প্রাক্তন ছাত্রী ১৯৮৩ ব্যাচের বদরুন লাইলী গিনি দাউদ হোসেন হানুফা খাতুন বৃত্তি ৫জন অসচ্ছল মেধাবী ছাত্রীকে নিয়ে এ বছরে চালু করা হয়েছে। রোকেয়া হলের প্রাক্তন ছাত্রীদের পুনর্মিলনী অনুষ্ঠিত হয়েছে। হলের তহবিল থেকে অসচ্ছল ছাত্রীদের আর্থিক সহায়তা, সংবাদ পত্র ও মাসিক পত্রিকা কেনা, বির্তক প্রতিযোগিতায় অংশগ্রহণের ব্যবস্থা করা হয়।

**কর্মরত জনবল**

| | |
|---|---|
| অফিসার | : ৬ জন |
| সহায়ক কর্মচারী | : ৪ জন (১ জন অ্যাডহক) |
| সাধারণ কর্মচারী | : ২২ জন (৩ জন অ্যাডহক ও ৫ জন দৈনিক মজুরিভিত্তিক) |

## তাপসী রাবেয়া হল

**প্রাধ্যক্ষ**
**ড. মোসা. ফেরদৌসী মহল**
প্রফেসর, উদ্ভিদবিজ্ঞান বিভাগ

**আবাসিক শিক্ষক:** ৩ জন

**ছাত্রী সংখ্যা**

| | |
|---|---|
| আবাসিক | : ৪৬৪ জন |
| অনাবাসিক | : ৫৬৭ জন |

**সংক্ষিপ্ত প্রতিবেদন**
**বিভিন্ন দিবস পালন ও ধর্মীয় অনুষ্ঠান:** সরকার ও বিশ্ববিদ্যালয় ঘোষিত সকল দিবস যথাযথ মর্যাদায় পালন করা হয়। চলতি বছরে হল তহবিল থেকে জন্মাষ্টমী ও সরস্বতী পূজার জন্য আর্থিক অনুদান দেওয়া হয়।

**সাধারণ কক্ষ:** এখানে ক্যারম, লুডু, দাবা, বাগাডুলি, ব্যাডমিন্টন ইত্যাদি খেলার ব্যবস্থাসহ জাতীয় ও দৈনিক সংবাদপত্র, সাপ্তাহিক ও মাসিক পত্রিকা পড়ার ব্যবস্থা আছে। এছাড়া স্যাটেলাইট টেলিভিশন দেখার ব্যবস্থাও আছে। হলের চারটি ব্লকের প্রতি তলায় ওয়াই-ফাই এ্যাকসেস পয়েন্ট আছে।

**হল ডাইনিং ও ক্যান্টিন:** হলের ভোজনালয়টি ক্যাটারিং পদ্ধতিতে পরিচালিত। এর এক পাশে একটি মনোহারি দোকান আছে। হলের প্রতি তলার ...০৫ নং কক্ষটি রান্নাঘর। হল ক্যান্টিনে সকালে-বিকালে নাস্তার ব্যবস্থা আছে।

অফিস ব্লকের দ্বিতীয় তলায় অবস্থিত পাঠাগারটি পাঠ্যপুস্তক সমৃদ্ধ। এখানে দেশি-বিদেশি পাঠ্য বই রয়েছে যা ছাত্রীদের চাহিদা অনুযায়ী ক্রয় করা হয়। এখানে ছাত্রীদের মধ্যে নিয়মিত বই ইস্যু করা হয়।

**কর্মরত জনবল**

| | |
|---|---|
| অফিসার | : ১০ জন |
| সহায়ক কর্মচারী | : ২ জন |
| সাধারণ কর্মচারী | : ১৯ জন (১ জন অ্যাডহক ও ৪ জন দৈনিক মজুরিভিত্তিক) |

## বেগম খালেদা জিয়া হল

**প্রাধ্যক্ষ**
ড. সৈয়দা নুসরাত জাহান
সহযোগী অধ্যাপক, ফিশারীজ বিভাগ

**আবাসিক শিক্ষক:** ৩ জন

**ছাত্রী সংখ্যা**

| | | |
|---|---|---|
| আবাসিক | : | ৪৫২ জন |
| অনাবাসিক | : | ১,২৫০ জন |

**সংক্ষিপ্ত প্রতিবেদন**
**খেলাধুলা ও সাহিত্য ও সাংস্কৃতিক কার্যক্রম:** আন্তঃবিশ্ববিদ্যালয় ক্রীড়া ও অন্তঃকক্ষ ক্রীড়া প্রতিযোগিতা ২০২২ অনুষ্ঠিত হয়েছে। বার্ষিক সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২৩ অনুষ্ঠিত হয়েছে।

**ছাত্রী কল্যাণ:** অসচ্ছল ছাত্রীদের হলের তহবিল থেকে ১১,১০০.০০ টাকা প্রদান করা হয়েছে।

**পাঠাগার:** পাঠাগারের জন্য ৮,৬৮২.০০ টাকার বই ক্রয় করা হয়েছে। চাহিদা অনুযায়ী আরো বই ক্রয় প্রক্রিয়াধীন আছে।

জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর বর্ণাঢ্য রাজনৈতিক জীবনের সঠিক ইতিহাস বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের নিকট তুলে ধরার জন্য অত্র হলে 'বঙ্গবন্ধু স্মৃতি কর্নার' প্রতিষ্ঠা করা হয়েছে। এখানে বিশ্ববিদ্যালয় প্রশাসন থেকে পাওয়া ১৫০,০০০.০০ টাকার এবং হল থেকে ৩৭,৫৯৪.০০ টাকার বই ক্রয় করা হয়েছে।

**ধর্মীয় অনুষ্ঠান:** একজন মুয়াল্লিমা দ্বারা ছাত্রীদের ধর্মীয় শিক্ষা প্রদান করা হয়ে থাকে।

**সাধারণ কক্ষ:** অত্র হলের নামাজ ঘর ১১৫ নং কক্ষ, রিডিং রুম ১১৬, সিক রুম ১২২, টিভি রুম ১২৪ এবং ১১৭-১১৯ ও ১২১ নং কক্ষগুলো অনাবাসিক ছাত্রীদের ডরমিটরি হিসেবে ব্যবহার করা হয়।

**ডাইনিং ও ক্যান্টিন:** ডাইনিংয়ে নির্ধারিত মূল্যে দুপুরে ও রাতের খাবার সরবরাহ করা হয়। ক্যান্টিনে নাস্তার সুবিধা রয়েছে। সেখানে ছাত্রীরা তাদের প্রয়োজনীয় সামগ্রীর সরবরাহও পেয়ে থাকে।

**হল উন্নয়ন:** হলের বিভিন্ন মেরামতি কাজ, ফার্নিচার মেরামতি ও বৈদ্যুতিক মেরামতির কাজ সম্পন্ন করা হয়েছে।

**বিবিধ:** হলে যথারীতি বিভিন্ন জাতীয় গুরুত্বপূর্ণ দিবস ও বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়। হলের সকল কক্ষে ইন্টারনেট সুবিধা প্রদান করা হয়েছে। জরুরি বৈদ্যুতিক সুবিধা হিসেবে আইপিএস স্থাপন করা হয়েছে।

**কর্মরত জনবল**

| | | |
|---|---|---|
| অফিসার | : | ১০ জন |
| সহায়ক কর্মচারী | : | ৫ জন (২ জন দৈনিক মজুরিভিত্তিক) |
| সাধারণ কর্মচারী | : | ২৩ জন (৪ জন দৈনিক মজুরিভিত্তিক) |

## রহমতুন্নেসা হল

**প্রাধ্যক্ষ**
ড. হাসনা হেনা
প্রফেসর, ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ

**আবাসিক শিক্ষক:** ৩ জন
**সহকারী আবাসিক শিক্ষক :** ১ জন

**ছাত্রী সংখ্যা**

| | | |
|---|---|---|
| আবাসিক | : | ৬৭৬ জন |
| অনাবাসিক | : | ৫৫০ জন |

**সংক্ষিপ্ত প্রতিবেদন**

**খেলাধুলা**
এই বছরে বার্ষিক অন্তঃকক্ষ ক্রীড়া এবং বার্ষিক সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা হলের টিভি রুমে অনুষ্ঠিত হয়। এতে বিজয়ী ছাত্রীদের পুরস্কার প্রদান করা হয়। ৪৩তম আন্তঃকলেজ এ্যাথলেটিকস প্রতিযোগিতায় এই হল দলগতভাবে ১টি খেলাতে ব্রোঞ্জ ও ২টি খেলাতে রৌপ্য পদক লাভ করে।

**ছাত্রী কল্যাণ**
মেধাবী ও অস্বচ্ছল শিক্ষার্থীদের কল্যাণে ও অসুস্থ শিক্ষার্থীদের তাৎক্ষণিক চিকিৎসায় প্রয়োজনীয় সহায়তা করা হয়ে থাকে।

**পাঠাগার ও সামাজিক কার্যক্রম**
হলে একটি পাঠাগার আছে। আলোচ্য শিক্ষাবর্ষে হল তহবিল থেকে পাঠাগারের বই কেনা হয়। হল প্রশাসনের উদ্যোগে গুরুত্বপূর্ণ জাতীয় দিবস ও বিশ্ববিদ্যালয় ঘোষিত দিবসসমূহ যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়।

**সাধারণ কক্ষ**
এখানে বিনোদনের জন্য ২টি রঙিন টেলিভিশন, বিভিন্ন অন্তঃকক্ষ খেলার ব্যবস্থা আছে। এখানে দৈনিক সংবাদপত্রসহ অন্য কয়েকটি পত্রপত্রিকা রাখা হয়।

**ডাইনিং ও ক্যান্টিন**
ডাইনিং টেন্ডারের মাধ্যমে চুক্তিভিত্তিক পরিচালিত হচ্ছে। সেখানে দুপুর ও রাতের খাবার এবং সকাল-বিকেলের নাস্তার ব্যবস্থা আছে। ক্যান্টিনে স্টেশনারি সামগ্রীও পাওয়া যায়।

**হল উন্নয়ন**
এই বছরে হলের ফাঁকা জায়গায় আম, পেয়ারা, পেঁপে ইত্যাদি গাছ লাগানো হয়। এই বাবদ অর্থ হলের বিবিধ তহবিল থেকে খরচ করা হয়েছে।

**কর্মরত জনবল**

| | |
|---|---|
| অফিসার | : ৭ জন (১ জন অ্যাডহক) |
| সহায়ক কর্মচারী | : ২ জন (১ জন দৈনিক মজুরিভিত্তিক) |
| সাধারণ কর্মচারী | : ২৩ জন (৮ জন অ্যাডহক ও ৮ জন দৈনিক মজুরিভিত্তিক) |

## বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা হল

**প্রাধ্যক্ষ**
ড. শর্মিষ্ঠা রায় (৩০.১০.২০২২ পর্যন্ত)
প্রফেসর, সমাজকর্ম বিভাগ
ড. ফারজানা কাইয়ুম কেয়া (০১.১১.২০২২ থেকে)
প্রফেসর, অর্থনীতি বিভাগ

**আবাসিক শিক্ষক :** ৫ জন

**ছাত্রী সংখ্যা**

| | | |
|---|---|---|
| আবাসিক | : | ১,০৩২ জন |
| অনাবাসিক | : | ২১০ জন |

**সংক্ষিপ্ত প্রতিবেদন**
**খেলাধুলা:** আলোচ্য শিক্ষাবর্ষে দুই দিনব্যাপি বার্ষিক অন্তঃকক্ষ ক্রীড়া প্রতিযোগিতা হলের মিউজিক রুমে অনুষ্ঠিত হয়। আলোচ্য শিক্ষাবর্ষে আন্তঃকলেজ এ্যাথলেটিক্স প্রতিযোগিতায় এই হল অংশগ্রহণ করে।

**ছাত্রী কল্যাণ:** মেধাবী ও অস্বচ্ছল শিক্ষার্থীদের কল্যাণে ও অসুস্থ শিক্ষার্থীদের তাৎক্ষণিক চিকিৎসায় প্রয়োজনীয় সহায়তা করা হয়ে থাকে।

**সামাজিক ও সংস্কৃতিক কার্যক্রম:** আলোচ্য শিক্ষাবর্ষে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছার ৯২তম জন্মবার্ষিকী উদ্‌যাপনসহ জাতীয় গুরুত্বপূর্ণ ও বিশ্ববিদ্যালয় ঘোষিত দিবসসমূহ যথারীতি পালন করা হয়। আলোচ্য শিক্ষাবর্ষে বিভিন্ন বিতর্ক প্রতিযোগিতায় এই হলের ছাত্রীরা অংশগ্রহণ করে কৃতিত্বের স্বাক্ষর রেখেছে। হলের বার্ষিক সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২৩ যথারীতি অনুষ্ঠিত হয়।

**ধর্মীয় কার্যক্রম:** এই শিক্ষাবর্ষে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছার শাহাদতবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়। কেন্দ্রীয় পূজা উদ্‌যাপন কমিটিকে জন্মাষ্টমী ও শ্রীশ্রী সরস্বতী পূজা উপলক্ষ্যে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।

**সাধারণ কক্ষ:** এখানে নিয়মিত ৬টি দৈনিক সংবাদপত্র সরবরাহ করা হয়।

**হল উন্নয়ন:** এই শিক্ষাবর্ষে হলের বাগানের সৌন্দর্য বৃদ্ধিসহ বিভিন্ন উন্নয়ন কাজ করা হয়েছে।

**কর্মরত জনবল**

| | |
|---|---|
| অফিসার | : ৭ জন |
| সহায়ক কর্মচারী | : ৩ জন (২ জন অ্যাডহক) |
| সাধারণ কর্মচারী | : ১২ জন (৫ জন দৈনিক মজুরিভিত্তিক) |

## শহীদ মীর আব্দুল কাইয়ূম ইন্টারন্যাশনাল ডরমিটরি

**ওয়ার্ডেন**
ড. মো. আতাউর রহমান
প্রফেসর, নাট্যকলা বিভাগ

**সহকারী ওয়ার্ডেন:** ২ জন

**আবাসিক সংখ্যা:** ৫৬ জন

**সংক্ষিপ্ত প্রতিবেদন**
বর্তমানে ডরমিটরিতে জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে দেশি-বিদেশি এম.ফিল এবং পিএইচ.ডি গবেষকগণ এবং বিদেশি স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থীগণ নির্দিষ্ট মেয়াদে অবস্থান করছেন। বর্তমানে নেপাল, সোমালিয়ান, জর্ডান প্রভৃতি দেশের শিক্ষার্থীরা অবস্থান করছে। আন্তর্জাতিক সেমিনারগুলোতে অংশগ্রহণ করার জন্য দেশি-বিদেশি গবেষকগণও এই ডরমিটরিতে সাময়িকভাবে অতিথি কক্ষে অবস্থান করেন।

ডরমিটরি ভবনটিতে মোট কক্ষ সংখ্যা ১২৮টি। এখানে বর্তমানে ২৪টি অতিথি কক্ষ রয়েছে। প্রতিটি কক্ষ একক। ডরমিটরিতে অবস্থানরত দেশি-বিদেশি শিক্ষার্থীদের জন্য ডাইনিংয়ে তিন বেলা মান-সম্মত খাবার পরিবেশন করা হয়। কমনরুমে দৈনিক ইংরেজি ও বাংলা সংবাদপত্র সরবরাহ, ইনডোর গেমস এর ব্যবস্থা রয়েছে। অবস্থানরত প্রত্যেকে ইন্টারনেট সুবিধা প্রদান করা হয়েছে। এবছর কমনরুমের জন্য ডরমিটরির নিজস্ব তহবিল থেকে ১টি ৩২ ইঞ্চি এলইডি টেলিভিশন কেনা হয়েছে।

গবেষক/বিদেশি শিক্ষার্থীদের সুবিধার্থে দেশি/বিদেশি বই,জার্নাল রাখার জন্য লাইব্রেরির ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এখানে সার্বক্ষণিক নিরাপত্তার জন্য ডরমিটরির অভ্যন্তরীণ খাত থেকে সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে। ডরমিটরির প্রবেশদ্বারের বাম পাশের দেয়ালে শহীদ মীর আব্দুল কাইয়ূমের সংক্ষিপ্ত জীবনীসহ স্মৃতিফলক স্থাপন করা হয়েছে।

ডরমিটরির পক্ষ থেকে বিশ্ববিদ্যালয় ও সরকার ঘোষিত সকল দিবস যথারীতি পালন করা হয়।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ স্মরণে শহীদ মীর আব্দুল কাইয়ূম ইন্টারন্যাশনাল ডরমিটরির অভ্যন্তরে বঙ্গবন্ধু স্মরণপথ নির্মিত হয়েছে। স্মরণপথের দুই ধারের পিলারসমূহে স্থিরচিত্রে বিন্যস্ত বঙ্গবন্ধুর জীবনের ধারাবাহিক আখ্যান ও বঙ্গবন্ধুর উল্লেখযোগ্য বাণী শোভিত। স্মরণপথের দুই ধারে ১০০ জন বসার উপযোগী বেঞ্চের ব্যবস্থা করা হয়েছে। এখানে বঙ্গবন্ধু সম্পর্কে বইয়ের একটি সংগ্রহও আছে। এই আয়োজনের নামকরণ করা হয়েছে **'তিষ্ঠ ক্ষণকাল'**।

বাংলাদেশের মহান স্বাধীনতার ৫০ বছর স্মরণে ২৫টি দুর্লভ প্রজাতির ৫০টি; শহীদ মীর আব্দুল কাইয়ূম ২৫ নভেম্বর শহীদ হন বিবেচনায় ২৫টি দুর্লভ বৃক্ষরোপণ করা হয়েছে।

**কর্মরত জনবল**

| | | |
|---|---|---|
| অফিসার | : | ২ জন |
| সহায়ক | : | ১ জন |
| সাধারণ কর্মচারী | : | ১ জন দৈনিক মজুরিভিত্তিক |

## রাজশাহী বিশ্ববিদ্যালয় স্কুল

শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট ডেমনেস্ট্রেশন ইউনিট-১

**অধ্যক্ষ**

মো. শফিউল আলম

**পরিচালনা পরিষদ**

| | | |
|---|---|---|
| ১. | প্রফেসর চিত্তরঞ্জন মিশ্র, পরিচালক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (২৫.০২.২০২৩ পর্যন্ত) | সভাপতি |
| | প্রফেসর দুলাল চন্দ্র বিশ্বাস, পরিচালক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (২৬.০২.২০২৩ থেকে) | সভাপতি |
| ২. | প্রফেসর শহীদ ইকবাল, বাংলা বিভাগ | সদস্য |
| ৩. | প্রফেসর রুবাইয়াৎ জাহান, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট | সদস্য |
| ৪. | শূন্য | সদস্য |
| ৫. | মো. আব্দুল মালেক, সহকারী অধ্যাপক, ভূতত্ত্ব ও খনিবিদ্যা বিভাগ | সদস্য |
| ৬. | নীলিমা আফরোজ | সদস্য |
| ৭. | মো. হাসান আলী, সহকারী অধ্যাপক, রাবি স্কুল | সদস্য |
| ৮. | উম্মুল খায়ের সালমা সিদ্দীকা, প্রভাষক, রাবি স্কুল | সদস্য |
| ৯. | মো. শফিউল আলম, অধ্যক্ষ, রাবি স্কুল | সদস্য-সচিব |

**শিক্ষক সংখ্যা**

সহকারী অধ্যাপক : ৪৩ জন

প্রভাষক: ০৬ জন

খণ্ডকালীন প্রভাষক : ২ জন

**শিক্ষার্থী সংখ্যা (২০২১)**

| | ছাত্র | ছাত্রী | মোট |
|---|---|---|---|
| স্কুল | ৮৮৪ | ৮৯৮ | ১,৭৮২ |
| কলেজ | ২১২ | ২০৯ | ৪২১ |

**পাবলিক পরীক্ষার ফলাফল**

| পরীক্ষার নাম | শিক্ষাবর্ষ | মোট পরীক্ষার্থী | A ($A^+$+A+$A^-$) | B | C | D | F | মোট পাস |
|---|---|---|---|---|---|---|---|---|
| এস.এস.সি | ২০২৩ | ১৮১ | ১৬৮ | ৬ | ৮ | ০ | ৭ | ১৭৪ |
| এইচ.এস.সি | ২০২২ | ২৩০ | ২১৮ | ৬ | ০ | ০ | ৬ | ২২৪ |

**সংক্ষিপ্ত প্রতিবেদন**

এই স্কুলে বর্তমানে প্রথম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত ১২টি ক্লাসের ২৮টি শাখায় পাঠদান করা হয়। নবম থেকে দ্বাদশ শ্রেণিতে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগ চালু রয়েছে। স্কুলটি বর্তমানে রাবি শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের অন্তর্ভূক্ত এবং সিন্ডিকেটের অনুমোদনক্রমে স্কুল অধ্যাদেশ-২০১০ অনুযায়ী পরিচালিত হচ্ছে।

২০২২-২০২৩ বর্ষে স্কুলের শিক্ষা ও সহশিক্ষা কার্যক্রমের সামগ্রিক মূল্যায়ন সন্তোষজনক। ২০২৩ শিক্ষাবর্ষে ৬ষ্ঠ ও ৭ম শ্রেণিতে নতুন কারিকুলাম সরকারি নির্দেশনা মোতাবেক বাস্তবায়িত হয়েছে এবং সকল শিক্ষক নতুন কারিকুলামে ট্রেনিংপ্রাপ্ত হয়ে উক্ত শ্রেণিদ্বয়ে পাঠদান করে যাচ্ছেন। ২০২২ সালের এইচএসসি পরীক্ষায় কৃতকার্য ২২৪ জনের মধ্যে ১১৬ জন জিপিএ ৫.০০ এবং ৮ জন শিক্ষার্থী সাধারণ গ্রেডে বোর্ড বৃত্তি লাভ করেছে। ২০২৩ সালের এসএসসি পরীক্ষায় কৃতকার্য ১৭৪ জনের মধ্যে ৭৮ জন জিপিএ ৫.০০, ৫ জন ট্যালেন্টপুল ও ২০ জন শিক্ষার্থী সাধারণ গ্রেডে বোর্ড বৃত্তি লাভ করেছে। এছাড়াও ২০২২ সালের অনুষ্ঠিত প্রাথমিক বৃত্তি পরীক্ষায় ৩ জন ট্যালেন্টপুল ও ৬ জন সাধারণ গ্রেডে বৃত্তি লাভ করেছে।

স্কুলের শিক্ষা কার্যক্রমের পাশাপাশি সহশিক্ষা কার্যক্রমও সমভাবে চলমান রয়েছে। শিক্ষার্থীরা নিয়মিতভাবে বিভিন্ন প্রকার খেলাধুলা, কাব, স্কাউট, রোভার, রেঞ্জার, হলদে পাখী, গার্ল গাইডস, রেডক্রিসেন্ট, বি.এন.সি.সি. ইত্যাদি কর্মকাণ্ডে অংশগ্রহণ করে কৃতিত্বের স্বাক্ষর রাখছে। ২য় বঙ্গবন্ধু গোল্ডকাপ-২০২২ ও ২০২৩ সালের শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতায় থানা পর্যায়ে ক্রিকেট দল চ্যাম্পিয়ন হয়, ব্যাডমিন্টনে থানা পর্যায়ে চ্যাম্পিয়ন ও জেলা পর্যায়ে রানার-আপ হয়। ২০২৩ এর গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিয়োগিতায় দাবায় চ্যাম্পিয়ন, টেবিল টেনিস থানা পর্যায়ে চ্যাম্পিয়ন ও জেলা পর্যায়ে রানার-আপ হয়।

**কর্মরত জনবল**

| | | |
|---|---|---|
| অফিসার | : | ২ জন |
| সহায়ক কর্মচারী | : | ২ জন |
| সাধারণ কর্মচারী | : | ১০ জন (৩ জন দৈনিক মজুরিভিত্তিক) |

## শেখ রাসেল মডেল স্কুল

শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট ডেমনেস্ট্রেশন ইউনিট-২

**অধ্যক্ষ (চলতি দায়িত্বে)**
লিসাইয়া মেহ্জবীন
উপাধ্যক্ষ

**স্কুল পরিচালনা পর্ষদ**

| | | |
|---|---|---|
| ১. | প্রফেসর চিত্তরঞ্জন মিশ্র, পরিচালক, শিক্ষা ও গবেষণা ইসস্টিটিউট (২৫.০২.২০২৩ পর্যন্ত)<br>প্রফেসর দুলাল চন্দ্র বিশ্বাস, পরিচালক, শিক্ষা ও গবেষণা ইসস্টিটিউট (২৬.০২.২০২৩ থেকে) | সভাপতি |
| ২. | প্রফেসর আব্দুল্লাহ আল মামুন, পরিচালক, ইনস্টিটিউট অব ইংলিশ এন্ড আদার ল্যাংগুয়েজ | সদস্য |
| ৩. | প্রফেসর প্রদীপ কুমার পাণ্ডে, প্রশাসক, জনসংযোগ দপ্তর | সদস্য |
| ৪. | প্রফেসর বিজয় কৃষ্ণ বণিক, সমাজবিজ্ঞান বিভাগ | সদস্য |
| ৫. | ড. মো. শাওন উদ্দিন, সহকারী অধ্যাপক, ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগ | সদস্য |
| ৬. | ড. সৈয়দা দিলরুবা, সহকারী শিক্ষক, শেখ রাসেল মডেল স্কুল | সদস্য |
| ৭. | ইফ্ফত জাহান, সহকারী শিক্ষক, শেখ রাসেল মডেল স্কুল | সদস্য |
| ৮. | প্রফেসর তানজিমা ইয়াসমিন, সভাপতি, প্রাণরসায়ন ও অণুপ্রাণবিজ্ঞান বিভাগ | সদস্য |
| ৯. | লিসাইয়া মেহ্জবীন, অধ্যক্ষ (চলতি দায়িত্বে), শেখ রাসেল মডেল স্কুল | সদস্য-সচিব |

**শিক্ষক সংখ্যা**

| | |
|---|---|
| সিনিয়র সহকারী শিক্ষক | : ১ জন |
| সহকারী শিক্ষক | : ১৬ জন |

**শিক্ষার্থী সংখ্যা**

| | ছাত্র | ছাত্রী | মোট |
|---|---|---|---|
| স্কুল | ২৭৪ | ২৮০ | ৫৫৪ |

**পাবলিক/প্রান্তিক পরীক্ষার ফল**

| পরীক্ষার নাম | শিক্ষাবর্ষ | মোট পরীক্ষার্থী | A ($A^+$ + A+A-) | B | C | D | F | মোট পাস |
|---|---|---|---|---|---|---|---|---|
| পিএসসি | ২০২২ | ৪০ | - | - | - | - | - | সকলে উত্তীর্ণ |
| জেএসসি | ২০২২ | ৩৫ | - | - | - | - | - | সকলে উত্তীর্ণ |

**সংক্ষিপ্ত প্রতিবেদন**

এই স্কুলে প্লে শ্রেণি থেকে ৮ম শ্রেণি পর্যন্ত মোট ১০টি ক্লাসে ১৪টি শাখায় পাঠদান করা হয়। এখানে লেখাপড়ার পাশাপাশি শিক্ষার্থীরা বিভিন্ন খেলাধুলা, আবৃত্তি, ছড়াগান, নাচ, দেশাত্মবোধক গান, চিত্রাঙ্কন, রচনা, কুইজ প্রতিযোগিতা ইত্যাদি কর্মকাণ্ডের সংশ্লিষ্ট বিভিন্ন সময়ে স্কুলের শিক্ষার্থীরা চিত্রাঙ্কন প্রতিযোগিতায় কৃতিত্ব বয়ে এনেছে। স্কুলে সরকার ও বিশ্ববিদ্যালয় ঘোষিত বিভিন্ন দিবস যথারীতি পালন

করা হয়। এছাড়া মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার জন্মদিন উপলক্ষ্যে স্কুল চত্বরে বৃক্ষরোপণও করা হয়।

স্কুলে শিক্ষাদানের পাশাপাশি শিক্ষার্থীদের মানসিক, চারিত্রিক ও শারীরিক উন্নতিসহ স্কুলটিকে আরো সুশৃঙ্খল ও সুনিয়ন্ত্রিত আদর্শ স্কুল হিসেবে এগিয়ে নেওয়ার প্রচেষ্টা অব্যাহত আছে।

**কর্মরত জনবল**

| | | |
|---|---|---|
| সহায়ক কর্মচারী | : | ২ জন (১ জন ডেপুটেশনে) |
| সাধারণ কর্মচারী | : | ৬ জন (২ জন দৈনিক মজুরিভিত্তিক) |